দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 26 NOV 2016
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ২

# কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে 'খ' ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত 'ক' ইউনিটের ফল প্রকাশ

ত্রিশাল (ময়মনসিংহ) সংবাদদাতা

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক শ্রেণিতে শুক্রবার 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। খ-ইউনিটে ৩টি বিভাগে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ (সিএসই), ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ (ইসিই) ও এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ (ইএসই) বিভাগ রয়েছে। সকাল ১১টা হতে ১২টা পর্যন্ত বিজোড় রোল নম্বরধারী এবং বিকাল বেলা ৩টা হতে ৪টা পর্যন্ত জোড় রোল নম্বরধারী পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হয়। এবার 'খ' ইউনিটে মোট আবেদন পড়েছিল ৬৬২৭টি আর আসন সংখ্যা ১২০। মোট পরীক্ষার্থীর মধ্যে ৪৬২২ জন পরীক্ষায় অংশগ্রহণ করায় পরীক্ষায় ৭০% পরীক্ষার্থী অংশ নেন।

এদিকে গত বৃহস্পতিবার অনুষ্ঠিত 'ক' ইউনিটের ফল বৃহস্পতিবারই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.jkkniu.edu.bd-তে প্রকাশ করা হয়। ভিসি প্রফেসর ড. মোহীত উল আলম জানান, ভর্তি পরীক্ষা কার্যক্রম সঠিক ও স্বচ্ছতার সাথে সম্পন্নের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের সকলের একনিষ্ঠ প্রচেষ্টার মাধ্যমে যেদিন যে ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে সেই দিনই সেই ইউনিটের ফলাফল আমরা প্রকাশ করছি। আর প্রতিদিনের পরীক্ষার রিজাল্ট প্রতিদিন প্রকাশ করা হবে।